অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/21/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো সেনাবাহিনীর প্রকৌশল বিভাগ কর্তৃক চিহ্নিত চারটি স্থানকে সাময়িক হাসপাতালের জন্য প্রাথমিক তালিকায় ঘোষণা করেছেন

গভর্নর - জ্যাকব জে. জেভিটস কনভেনশন সেন্টার, SUNY স্টোনি ব্রুক, SUNY ওল্ড ওয়েস্টবারি এবং ওয়েস্টচেস্টার কনভেনশন সেন্টার পরিদর্শন করবেন

স্টেটের ব্যক্তিগত সুরক্ষার সরঞ্জাম সরবরাহ বৃদ্ধির ব্যাপারে নতুন কার্যাবলীর ঘোষণা করা হয়েছে

DMV'র অফিসে লেনদেন বন্ধ করার জন্য নির্বাহী আদেশ জারি করা হয়েছে; তবে অনলাইন লেনদেন উপলভ্য থাকবে

ঘোষণা করে FEMA বড় ধরনের দুর্যোগ ঘোষণার জন্য নিউ ইয়র্কের অনুরোধ মঞ্জুর করেছেন

নিউ ইয়র্কের কংগ্রেসনাল ডেলিগেশনকে করোনাভাইরাস ফেডারেল এইড আইন সংশোধন করার অনুরোধ জানিয়েছেন যা বর্তমানে নিউ ইয়র্ককে সহায়তা প্রাপ্তিতে বাঁধা দিচ্ছে

নতুন ওষুধ প্রয়োগের জন্য সুপারিশ করেছেন স্বাস্থ্য অধিদপ্তরের কমিশনার

নিউ ইয়র্কবাসী ইমেইল আপডেটের জন্য সাইন আপ করতে পারবেন এখানে এবং COVID-19-এর ব্যাপারে প্রশ্ন জিজ্ঞেস করতে পারবেন এখানে

নিউ ইয়র্কবাসী নতুন COVID-19 পেইড সিক লিভ আইনের ব্যাপারে আরও তথ্য পেতে পারেন এখানে

নিউ ইয়র্ক স্টেটে অস্থায়ী হাসপাতালের স্থাননির্দেশের জন্য সেনাবাহিনীর প্রকৌশল বিভাগের (Army Corps of Engineers) সুপারিশকৃত চারটি প্রথামিক স্থানের ঘোষণা দিয়েছেন গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো - জ্যাকব কে. জেভিটস কনভেনশন সেন্টার (Jacob K. Javits Convention Center) এবং সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক স্টোনি ব্রুক (SUNY Stony Brook), SUNY ওল্ড ওয়েস্টবারি (Old Westbury) এবং ওয়েস্টচেস্টার কনভেনশন সেন্টারের অবস্থান (Westchester

Convention Center)। গত দিনগুলোতে, সেনাবাহিনীর প্রকৌশল বিভাগের নেতৃত্বাধীন এবং সাধারণ পরিসেবা কার্যালয় (Office of General Services), নিউ ইয়র্ক স্টেটের ডরমেটরি অথরিটি (Dormitory Authority of the State of New York), স্বাস্থ্য অধিদপ্তর (Department of Health) এবং নিউ ইয়র্ক স্টেট মিলিটারি এবং নেভাল অ্যাফেয়ার্স বিভাগের (New York State Division of Military and Naval Affairs) স্টেট কর্মকর্তাগণ সহ একটি পরিদর্শন দল সাময়িকভাবে হাসপাতাল হিসেবে ব্যবহারের জন্য পর্যালোচনা করতে, এক ডজনেরও বেশি স্থান পরিদর্শন করেছেন। গভর্নরের দৃঢ় সংকল্পের ফলে, সেনাবাহিনীর বিভাগ অস্থায়ী হাসপাতালগুলো নির্মাণের জন্য অবিলম্বে কাজ শুরু করবে বলে আশা করা হচ্ছে। এছাড়াও গভর্নর সেনাবাহিনী দ্বারা নির্মিত অস্থায়ী হাসপাতাল ছাড়াও, জেভিটস সেন্টারে স্টেটের জন্য ব্যবহারের উদ্দেশ্যে প্রতিটিতে 250 টি শয্যা বিশিষ্ট চারটি ফিল্ড হাসপাতাল নির্ধারণের জন্য ফেডারেল জরুরি ব্যবস্থাপনা সংস্থাকে (Federal Emergency Management Agency, FEMA) অনুরোধ করছেন।

তাছাড়া গভর্নর কুউমো ঘোষণা করেছিলেন যে ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (personal protective equipment)- বা PPE'র সরবরাহ বাড়ানোর জন্য স্টেট নতুন পদক্ষেপ গ্রহণ করছে। ক্রয়ের জন্য স্টেট দুই মিলিয়ন N95 মাস্ক চিহ্নিত করেছে এবং নিউ ইয়র্ক সিটিতে এক মিলিয়ন এবং লং আইল্যান্ডে 500,000 প্রেরণ করা হবে। স্টেটের পোশাক প্রস্তুতকারকরা তাদের কাজকর্মকে মাস্ক এবং অন্যান্য চিকিৎসা সরঞ্জাম উৎপাদন শুরু করায় বদলাচ্ছে এবং স্টেট মাস্কের উৎপাদন বিশ্লেষণ করছে। অধিকন্তু, স্টেট সবচেয়ে গুরুত্বপূর্ণ অঞ্চলগুলোতে ব্যবহার করার জন্য স্টেটের বিভিন্ন স্বাস্থ্য ফ্যাসিলিটি থেকে ভেন্টিলেটর সংগ্রহ করছে এবং ইতিমধ্যে অতিরিক্ত 6,000 ভেন্টিলেটর কিনেছে।

কর্মক্ষেত্রে এসে পরিদর্শনের ক্ষেত্রে ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকলস (Department of Motor Vehicles, DMV) অস্থায়ীভাবে বন্ধ করার জন্য একটি নির্বাহী আদেশও জারি করেছিলেন গভর্নর। লাইসেন্স নবায়নসহ, অনলাইন লেনদেনগুলো এখনও উপলভ্য। লাইসেন্স এবং অনুমতিপত্রের মেয়াদ বাড়ানো হবে।

গভর্নর আরও ঘোষণা করেছিলেন যে FEMA-কে আর্থিকভাবে পদক্ষেপ গ্রহণে ও স্টেটকে সহায়তা করতে একটি বড় বিপর্যয়ের ঘোষণার জন্য নিউ ইয়র্কের অনুরোধটি ফেডারেল সরকার অনুমোদন করেছে। বর্তমান ঘোষণার আওতায় FEMA তহবিলের 75 শতাংশ প্রদান করবে এবং নিউ ইয়র্ক 25 শতাংশের জন্য দায়বদ্ধ থাকবে। রাষ্ট্রপতি এবং তাঁর প্রশাসনের প্রতি এই ঘোষণার আওতায় 100 শতাংশ ফেডারেল ব্যয় ভাগাভাগির মঞ্জুরি দেওয়ার আহ্বান জানাচ্ছেন গভর্নর। গভর্নর ফেডারেল সরকারকে অতিরিক্ত স্বতন্ত্র সহায়তা কর্মসূচি এবং স্টেটব্যাপী দুর্যোগ প্রশমন সহায়তার মাধ্যমে বাড়ির মালিকদের সমর্থন করার জন্য স্টেটের মুলতুবিকৃত অনুরোধটি দ্রুত মঞ্জুর করার অনুরোধ জানান।

গভর্নর নিউ ইয়র্কের কংগ্রেসনাল ডেলিগেশনকে ফেডারেল করোনাভাইরাস আইনটি সংশোধন করতে অনুরোধ করছেন যাতে নিউ ইয়র্ক 6 মিলিয়ন মার্কিন ডলার সহায়তা লাভের যোগ্যতা অর্জন

করতে পারে। বিলে বর্তমানে একটি প্রযুক্তিগত সমস্যার কারণে, নিউ ইয়র্ক স্টেট সহায়তা পাওয়ার জন্য যোগ্য নয়।

অধিকন্তু, রাজ্যপাল ঘোষণা করেছিলেন যে স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য কমিশনার ডা. জুকার করোনাভাইরাস ডিজিজ 2019 (COVID-19) লড়াইয়ে সহায়তা করার জন্য নতুন ওষুধ প্রয়োগের জন্য পরীক্ষার সুপারিশ করেছেন। খাদ্য এবং ঔষধ প্রশাসন (Food and Drug Administration, FDA) একটি পরীক্ষার ভিত্তিতে ব্যবহার করতে নিউ ইয়র্ক স্টেটের জন্য হাইড্রোক্সিক্লোরোকুইন এবং জিথ্রোম্যাক্সের 10,000 ডোজ সংগ্রহ করছে।

উদ্ভূত COVID-19 পরিস্থিতির ব্যাপারে প্রাত্যহিক ইমেইল আপডেট পেতে নিউ ইয়র্কবাসী সাইন আপ করতে পারেন এবং COVID-19-এর ব্যাপারে প্রশ্ন জিজ্ঞেস করতে পারেন এখানে। নিউ ইয়র্কবাসী নতুন COVID-19 পেইড সিক লিভ আইনের (Paid Sick Leave Law) ব্যাপারে আরও তথ্য পেতে পারেন এখানে।

"প্রতিদিন আমরা দেখছি যে নভেল করোনাভাইরাসের আক্রান্তের সংখ্যা ক্রমাগত বাড়ছে এবং সমস্ত অভিক্ষেপ দ্বারা আমরা জানি যে আমরা আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থায় যতটা মোকাবেলা করতে পারবো তার চেয়ে বেশি লোক হাসপাতালে ভর্তি হতে চলেছে," **গভর্নর কুওমো বলেন।** "আমাদের হাসপাতালের সক্ষমতা বৃদ্ধি ও নতুন হাসপাতালের শয্যা চিহ্নিতকরণসহ এই ভাইরাসের বিস্তার রোধে সহায়তার জন্য একটি কর্ম পরিকল্পনা রয়েছে এবং সেনাবাহিনীর প্রকৌশল বিভাগের সাথে বৈঠক করে এবং তাদের সুপারিশ অনুসারে আমরা নিউ ইয়র্ক রাজ্যে চারটি অস্থায়ী হাসপাতাল ফ্যাসিলিটি নির্মাণের জন্য প্রস্তুত আছি। এটি একটি জনস্বাস্থ্য সংকট, তবে ভাইরাসের চেয়েও খারাপ বিষয় হলো ভয়, কিন্তু আমাদের একটি পরিকল্পনা রয়েছে এবং আমরা জনগণকে অবহিত রাখতে এবং জীবন বাঁচানোর জন্য যথাসাধ্য চেষ্টা করছি।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন